**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১৪৩/২০১৯**

**ঢাকা, রোববার ২০ জানুয়ারি ২০১৯, ৭ মাঘ ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সবার জন্য কাজ করব : প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন করবেন আজ

৩। রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ধীর গতিতে হতাশ জাতিসংঘ মহাসচিব

৪। শহিদ আসাদ দিবস আজ

৫। যে কোনো মূল্যে মাদক নির্মূল করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

৬। দূতাবাসগুলোকে আরও শ্রমিকবান্ধব হতে হবে : পরিকল্পনামন্ত্রী

৭। গবির মানুষকে কম খরচে উন্নতমানের চিকিৎসা দিতে হবে : পাট ও বস্ত্র মন্ত্রী

৮। আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে সেবার মান বাড়ান : স্বাস্থ্য প্রতিমন্ত্রী

৯। বাংলাদেশের সব দূতাবাসকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সতর্কতা

১০। বিশের দ্রুততম বর্ধনশীল দেশের তালিকায় ধনী জনগোষ্ঠী বৃদ্ধিতে বাংলাদেশের অবস্থান তৃতীয়

১১। ঋণপত্রের তথ্য পূর্ণাঙ্গভাবে যথাসময়ে জানাতে হবে : কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন

চলমান পাতা-২



১। উন্নত সমৃদ্ধ বাংলাদেশ গড়তে সবার জন্য কাজ করব : প্রধানমন্ত্রী

উন্নত সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়তে দলমত নির্বিশেষে সবার জন্য কাজ করার অঙ্গীকার করেছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, দলমতনির্বিশেষে সবার জন্য আমাদের সরকার কাজ করে যাবে। প্রত্যেকের আর্থসামাজিক উন্নয়নে কাজ করব। রাজনৈতিক অধিকার নিশ্চিত করব। প্রতিটি নাগরিক আমাদের কাছে গুরুত্বপূর্ণ। আরও বলেন, আমরা যে অঙ্গীকার করেছি, সে অঙ্গীকার আমরা অক্ষরে অক্ষরে পালন করব। গতকাল (১৯ জানুয়ারি শনিবার) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে 'বিজয় সমাবেশ' এ সভাপতির বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ বিজয় লাভ করায় এ সমাবেশের আয়োজন করে আওয়ামী লীগ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **প্রধানমন্ত্রী স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন করবেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (২০ জানুয়ারি রোববার) স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শন করবেন। প্রধানমন্ত্রী স্বরাষ্ট্রমন্ত্রীসহ সংশ্লিষ্ট বিভাগের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করবেন। টানা তৃতীয় মেয়াদে ক্ষমতায় এসে নতুন সরকার গঠনের পর প্রথম তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয় পরিদর্শনে যাচ্ছেন। এ লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা ও সুরক্ষা সেবা বিভাগ থেকে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৮)।

৩। **রোহিঙ্গা প্রত্যাবাসনে মিয়ানমারের ধীর গতিতে হতাশ জাতিসংঘ মহাসচিব**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের ফিরিয়ে নিতে এখন পর্যন্ত মিয়ানমারের ভূমিকা অত্যন্ত ধীর গতির বলে মন্তব্য করেছেন জাতিসংঘ মহাসচিব অ্যান্টোনিও গুতেরেস। এক্ষেত্রে যতটা অগ্রগতি হওয়ার কথা ছিল তা না হওয়ায় হতাশা ব্যক্ত করেছেন তিনি। গত ১৮ জানুয়ারি শুক্রবার নিউইয়র্কের জাতিসংঘ সদরদফতরে এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন জাতিসংঘ মহাসচিব। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

৪। **শহিদ আসাদ দিবস আজ**

আজ ২০ জানুয়ারি, শহিদ আসাদ দিবস। ১৯৬৯ সালের ২০ জানুয়ারি স্বৈরাচারী আইয়ুববিরোধী গণআন্দোলনের সময় ঢাকা মেডিকেল কলেজের সামনের সড়কে বুকে গুলিবিদ্ধ হয়ে নিহত হন কিংবদন্তিতুল্য অকুতোভয় এ ছাত্রনেতা। শহিদ আসাদ দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবস উপলক্ষে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭)।

৫। **যে কোনো মূল্যে মাদক নির্মূল করা হবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জঙ্গি দমনে আমরা সফল হয়েছি। মাদক নির্মূলেও আমাদের সফল হতে হবে। মাদক নির্মূল করাই সরকারের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ। যে কোনো মূল্যে মাদক নির্মূল করা হবে। গতকাল (১৯ জানুয়ারি শনিবার) তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১),

৬। **দূতাবাসগুলোকে আরও শ্রমিকবান্ধব হতে হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, দেশের শ্রমবাজার ও রপ্তানি উন্নয়নে প্রধান ভূমিকা পালন করতে হবে দূতাবাসগুলোকে। একইসঙ্গে বিদেশে বাংলাদেশি দূতাবাসগুলোকে আরও শ্রমিকবান্ধব হতে হবে। তিনি দূতাবাসগুলো ২৪ ঘণ্টা খোলা রাখার নির্দেশ দেন। গতকাল (১৯ জানুয়ারি শনিবার) রাজধানীর জাতীয় চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ইউসিবি পাবলিক পার্লামেন্ট শিরোনামে এক ছায়া

সংসদ বিতর্ক প্রতিযোগিতায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **যুগান্তর** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৭। গবির মানুষকে কম খরচে উন্নতমানের চিকিৎসা দিতে হবে : পাট ও বস্ত্র মন্ত্রী**

পাট ও বস্ত্র মন্ত্রী গোলাম দস্তগীর গাজী বীরপ্রতিক বলেন, স্বাস্থ্যব্যবস্থা ঘরে ঘরে পৌঁছে দিতে হবে। গ্রামের অসহায় ও গরিব মানুষ যেন কম খরচে চিকিৎসাসেবা পায় এ ব্যাপারে স্থানীয় বেসরকারি হাসপাতালের মালিকদের সুদৃষ্টি থাকতে হবে। গতকাল (১৯ জানুয়ারি শনিবার) নারায়ণগঞ্জের রূপগঞ্জে মন্ত্রীর বাসভবনে নারায়ণগঞ্জ বেসরকারি হাসপাতালের মালিক সমিতির পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানাতে গেলে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৪,ক.৭), **সংবাদ** (পৃ,৪,ক.২)।

**৮। আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে সেবার মান বাড়ান : স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

সরকারি হাসপাতালে চিকিৎসাসেবার প্রতি সাধারণ মানুষের আস্থা ফিরিয়ে আনতে সরকার নানা কর্মসূচি গ্রহণ করেছে। সেজন্য কর্তব্যরত ডাক্তার ও নার্সদের আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে সেবার মান আরও বাড়াতে হবে। গত **১৮** জানুয়ারি শুক্রবার চিকিৎসাসেবায় ঢাকা বিভাগে প্রথম ও সারাদেশে দশম অবস্থানে থাকা কাপাসিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আকস্মিক পরিদর্শনে এসে স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. মো. মুরাদ হাসান এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৫,ক.৬)।

**৯। বাংলাদেশের সব দূতাবাসকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সতর্কতা**

কোনো দূতাবাসে যাতে আর কোনো অনাকাঙ্খিত ঘটনা না ঘটে সেজন্য বিদেশে বাংলাদেশের সব দূতাবাসে সতর্কতা জারি এবং প্রবাসীদের প্রতি সংযত থাকারও আহ্বান জানিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। কুয়েতে বাংলাদেশ দূতাবাসে বাংলাদেশি শ্রমিকদের হামলার বিষয়ে ইঙ্গিত করে ভবিষ্যতে এমন পরিস্থিতি এড়াতে পররাষ্ট্র মন্ত্রণালয় এ আগাম উদ্যোগ নিয়েছে। গত **১৭** জানুয়ারি বৃহস্পতিবার কুয়েতের লেসকো কোম্পানিতে কর্মরত বাংলাদেশি শ্রমিকরা কুয়েতে বাংলাদেশ দূতাবাস ঘেরাও করে ভাংচুর করে। বাংলাদেশি শ্রমিকদের কয়েক মাসের বেতন বকেয়ার বিষয়ে দেশটির লেসকো কোম্পানির মালিককে কুয়েতে বাংলাদেশ দূতাবাসে ডেকে পাঠানো হয়েছিল। বৈঠকে ঐ কোম্পানি ৫ ফেব্রুয়ারির মধ্যে বেতন পরিশোধ ও আকামা নবায়নসহ সব সমস্যা সমাধানে রাজি হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **নিউ এজ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬)।

**১০। বিশ্বের দ্রুততম বর্ধনশীল দেশের তালিকায় ধনী জনগোষ্ঠী বৃদ্ধিতে বাংলাদেশের অবস্থান তৃতীয়**

বিশ্বের দ্রুততম বর্ধনশীল দেশের তালিকায় ধনী জনগোষ্ঠী বেড়ে যাওয়ার হিসেবে বাংলাদেশ তৃতীয় স্থান লাভ করেছে। ভারত-চীনের চেয়েও দ্রুত বাংলাদেশে ধনী বাড়ছে। গত **১৬** জানুয়ারি বুধবার 'ওয়ার্ল্ড আল্ট্রা ওয়েলথ রিপোর্ট **২০১৯**' শীর্ষক ঐ প্রতিবেদন প্রকাশ করা হয়। প্রতিবেদনে বলা হয়, আগামী পাঁচ বছর বাংলাদেশে ধনী মানুষের সংখ্যা বাড়বে **১১** দশমিক ৪ শতাংশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **ইনকিলাব** ( পৃ.৩,ক.৬), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১১। ঋণপত্রের তথ্য পূর্ণাঙ্গভাবে যথাসময়ে জানাতে হবে : কেন্দ্রীয় ব্যাংকের প্রজ্ঞাপন**

রপ্তানি বাণিজ্যের উন্নয়নে অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্রের (এলসি) তথ্য যথাযথভাবে যথাসময়ে রিপোর্ট করতে ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গত সপ্তাহে সব ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠানো এক প্রজ্ঞাপনে কেন্দ্রীয় ব্যাংক এ নির্দেশনা দিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** গভীর রাতে রাজধানীতে সড়ক ফাঁকা থাকায় বিভিন্ন যানবাহন বেপরোয়া গতিতে চলাচল করে যা প্রায়শ দুর্ঘটনার কারণ হয় উল্লেখ করে এর পরিপ্রেক্ষিতে দিনরাত ২৪ ঘন্টা ঢাকাকে ট্রাফিক ব্যবস্থাপনার মধ্যে আনার যে সিদ্ধান্ত হয়েছে তা দুর্ঘটনারোধে ফলপ্রসূ হবে বলে আশাবাদ ব্যক্ত।

খ. **সমকাল :** রংপুরের ইটভাটা মালিকরা ফসলি জমির উপরিভাগের মাটি কেটে নেওয়ায় উর্বরতা হারাচ্ছে কৃষিজমি এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে রংপুরের সাথে সাথে দেশের বিভিন্ন স্থানের কৃষিজমি বিনষ্ট ও পরিবেশের জীববৈচিত্র্য ধ্বংসের সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন, অবজারভার :** রোহিঙ্গা প্রত্যাবাসন নিয়ে মিয়ানমারের টালবাহানা এবং সেদেশে নিরাপত্তা নিশ্চিত না হওয়ায় রোহিঙ্গারাও ফিরতে অস্বীকৃতি জানানোয় রোহিঙ্গা প্রত্যাবাসনের বিষয়টি অনির্দিষ্টকালের জন্য আটকে আছে উল্লেখ করে আন্তর্জাতিক সম্প্রদায়কে এ ব্যাপারে ভূমিকা রাখতে কূটনৈতিক তৎপরতা জোরদার করার আহ্বান।

ঘ. **বণিকবার্তা :** দেশে প্রতিবছর দুই লাখ মানুষ ক্যান্সারে আক্রান্ত হচ্ছে এবং অপর্যাপ্ত চিকিৎসাব্যবস্থার ফলে অর্ধেকেরও বেশি মারা যাচ্ছে উল্লেখ করে এক্ষেত্রে সরকারি ও বেসরকারি উদ্যোগে বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রয়োজনীয় ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সংবাদ, যায়যায়দিন :** অতিরিক্ত ভাড়া আদায়, সিটিংয়ের নামে প্রতারণা ইত্যাদি নানা ধরনের নৈরাজ্য গণপরিবহণে চলায় উদ্বেগ প্রকাশ করে এ অবস্থা নিরসনে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **নিউজ টুডে :** বাল্যবিয়ে রোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** সবজির পাইকারি মূল্য কম থাকলেও খুচরা বাজারে এসে তা দ্বিগুণ হয়ে যায় উল্লেখ করে ক্রেতারা যাতে ন্যায্যমূল্যে শাকসবজি কিনতে পারে সেদিকে নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'দুর্নীতি প্রতিরোধের উপায়'** কলামে উল্লেখ করা হয়েছে, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষাদানের জন্য প্রয়োজন মানসম্পন্ন শিক্ষক নিয়োগ করা।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, দুর্নীতি প্রতিরোধে মানুষকে নৈতিক জীবনযাপনে উদ্বুদ্ধ করতে হবে।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা